

**উগ্রবাদ বিরোধী আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগীতা ২০১৯ এর সমাপনী ও পুরস্কার  
বিতরণী অনুষ্ঠান**



ব্রেভ টিম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সহযোগীতায় উগ্রবাদ বিরোধী আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগীতা ২০১৯ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন চত্বরে উদ্বোধন করেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির মডারেটর ও নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সুমন কুমার মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা এবং নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এইচ. এম. জেহাদুল করিম।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



প্রতিযোগিতার ফাইনালে চ্যাম্পিয়ন হয় ইংরেজী বিভাগ (ছায়া সরকার দল) এবং রানার্সআপ হয় লোকপ্রশাসন বিভাগ (ছায়া বিরোধী দল)। এছাড়া ডিবেটর অফ দ্যা টুর্নামেন্ট নির্বাচিত হন মাহাবুবুল আলম ও ফাইনালে সেরা বিতর্কিক হন নাহিদ হাসান।